

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৪

মে ১০, ২০১৬
তারিখঃ-----
বৈশাখ ২৭, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব ভফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

Single Borrower Exposure Limit

শিরোনামোক্ত বিষয়ে জানুয়ারি ১৬, ২০১৪ তারিখের বিআরপিডি সার্কুলার নং- ০২ এবং ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ২৬ খ(১) ধারার প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬ খ(১) ধারায় উল্লেখ রয়েছে যে, 'কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা গ্রুপকে প্রদত্ত বা প্রদেয় সকল ঋণ সুবিধার আসল অংকের মোট পরিমাণ উক্ত ব্যাংক-কোম্পানী কর্তৃক ধারা ১৩ এর উপ-ধারা (১) এর বিধান মোতাবেক রক্ষিত মূলধনের বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময় সময়, এতদুদ্দেশ্যে নির্ধারিত হারের অধিক হইবে না: তবে শর্ত থাকে যে, নির্ধারিত সীমা কোন অবস্থাতেই শতকরা ২৫ ভাগের অধিক হইবে না।'

আইনের উক্ত নির্দেশনা পরিপালনার্থে একক গ্রাহককে প্রদত্ত বা প্রদেয় ফান্ডেড ঋণ সুবিধার আসল অংকের বকেয়ার পরিমাণ ব্যাংকের মূলধনের ১৫% এর বেশী হবে না মর্মে বিআরপিডি সার্কুলার নং-০২/২০১৪ এর মাধ্যমে নির্দেশনা জারি করা হয়। তবে, উক্ত সার্কুলারের ৩ নং ক্রমিকে কতিপয় বিশেষ প্রতিষ্ঠান/খাতে ব্যাংক কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে Single Borrower Exposure Limit সংক্রান্ত উক্ত নির্দেশনার পরিপালন থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। উক্ত অব্যাহতির সুবিধা কোন ভাবেই ২৬ খ(১) ধারার শর্তাংশে বর্ণিত নির্দেশনার পরিপন্থি হওয়ার সুযোগ নেই। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, একক গ্রাহককে প্রদত্ত ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে উক্ত বিষয়টির মমার্থে অস্পষ্ট বিবেচনায় কোন কোন ব্যাংক উক্ত আইনের ২৬ খ(১) ধারার শর্তাংশে বর্ণিত নির্দেশনা পরিপালনে ব্যর্থ হয়েছে যা কোন ভাবেই কাম্য নয়।

এক্ষণে, উল্লিখিত বিষয়টি এই মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার নং- ০২/২০১৪ এর ৩ নং ক্রমিকে বর্ণিত কতিপয় বিশেষ প্রতিষ্ঠান/খাতে ব্যাংক কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে Single Borrower Exposure Limit সংক্রান্ত যে অব্যাহতি দেয়া হয়েছে তার সীমা, অর্থাৎ যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা গ্রুপকে প্রদত্ত বা প্রদেয় সকল ঋণ সুবিধার আসল অংকের মোট পরিমাণ, কোন অবস্থাতেই ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬ খ (১) ধারার শর্তাংশে বর্ণিত নির্দেশনা অনুযায়ী উক্ত ব্যাংক-কোম্পানী কর্তৃক ধারা ১৩ এর উপ-ধারা (১) এর বিধান মোতাবেক রক্ষিত মূলধনের শতকরা ২৫ ভাগের অধিক হবে না।

এতদপ্রেক্ষিতে, যে সকল ব্যাংক-কোম্পানী কর্তৃক কোন একক গ্রাহককে প্রদত্ত ফান্ডেড সুবিধার আসল অংকের পরিমাণ ইতোমধ্যে উল্লিখিত ২৫% এর সীমা অতিক্রম করেছে সে সকল ব্যাংক-কোম্পানীকে তাদের প্রদত্ত উক্ত ঋণ সুবিধা ডিসেম্বর ৩১, ২০১৬ তারিখের মধ্যে নির্ধারিত সীমার মধ্যে আনয়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২